

ডেরেক কটাক্ষ

মোদি সরকারের অন্যতম প্রবীণ মন্ত্রী নীতিন গড়করিকে ভরা সংসদে চূড়ান্ত কটাক্ষ করলেন তৃণমূলের রাজ্যসভা দলনেতা ডেরেক ও'ব্রায়েন। প্রথা ভেঙে গত কয়েকদিনে বিরোধী দলনেতাকে ঠিকভাবে বলতে দেয়নি শাসকদল। এদিন প্রশ্নোত্তর পর্বে নীতিন বলার সময় 'ইন্ডিয়া' সাংসদরা চুপ করে তা শোনেন। বক্তব্য শেষ হতেই ব্রহ্মাস্ত্র ছোড়েন ডেরেক। কটাক্ষ করে বলেন, "যখন ২২০-তে আটকে যাবে দল, তখন আপনাকে দরকার পড়বে।" সেই সময় বাক্যহীন থাকেন বিজেপি সাংসদরা।

বৈঠক বয়কট

অধিবেশন চলাকালীনই তথাপ্রযুক্তি এবং যোগাযোগ সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠক থেকে ওয়াক আউট করলেন 'ইন্ডিয়া' সাংসদরা। এদিনের বৈঠকে পার্সোনাল ডেটা প্রোটেকশন বিলের চূড়ান্ত খসড়া কমিটির সদস্যদের ঠিকভাবে না দেখতে দিয়েই তা গৃহীত করার প্রস্তাব দেন দুই বিজেপি সাংসদ নিশিকান্ত দুবে এবং অনিল আগরওয়াল। যার প্রতিবাদ করেন 'ইন্ডিয়া' সাংসদরা। তাঁদের দাবি না শোনায় তৃণমূল কংগ্রেস, সিপিআই(এম)-সহ অন্য সাংসদরা প্রতিবাদে ওয়াক আউট করেন।

